

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 16-07-2024
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

Nomination:

জিলা পৰিষদ, পঞ্চায়েত সমিতি এবং গ্রাম পঞ্চায়েত নিৰ্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য মনোনয়নপত্র জমা দেওয়ার কাজ অব্যাহত রয়েছে। গতকাল পশ্চিম জেলার জিলা পৰিষদের ১৭টি আসনের মধ্যে ১১টি আসনে কংগ্রেস প্রার্থীরা জেলা শাসক তথা রিটার্নিং অফিসার ডা. বিশাল কুমারের কাছে মনোনয়নপত্র জমা দিয়েছেন।

কাকড়াবন পঞ্চায়েত সমিতির নিৰ্বাচনে গতকাল মোট ১১ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। এদের মধ্যে ১ জন বিজেপি'র ও বাকি ১০ জন সিপিআইএম-এর।

এদিকে, সিপাহীজিলা জিলা পৰিষদের ১৭টি আসনের মধ্যে ১০টি আসনে গতকাল মনোনয়ন দাখিল করেন কংগ্রেস প্রার্থীরা।

বামফ্রন্ট ও কংগ্রেসের প্রার্থীরা গতকাল ধলাই জিলা পৰিষদ, আমবাসা পঞ্চায়েত সমিতি ও আমবাসা ব্লকের অন্তর্গত সাতটি গ্রাম পঞ্চায়েতের প্রতিদ্বন্দ্বিতার জন্য মনোনয়নপত্র দাখিল করেছেন। আমবাসা ব্লকের অন্তর্গত সাতটি গ্রাম পঞ্চায়েতের ৬৫টি আসনের মধ্যে ৫১টি আসনেও বামফ্রন্ট প্রার্থীরা গতকাল মনোনয়নপত্র জমা দেয়। ধলাই জিলা পৰিষদের নয়টি আসনের মধ্যে ছয়টি আসনে গতকাল মনোনয়নপত্র দাখিল করেন কংগ্রেস দলের প্রার্থীরা এবং একটি আসনে বামফ্রন্ট প্রার্থী মনোনয়নপত্র জমা দেন।

খোয়াইতে জিলা পরিষদের ১৩টি আসনের মধ্যে সিপিআইএম দল ৬টি আসনে এবং কংগ্রেস ৮টি আসনের জন্য গতকাল মনোনয়নপত্র জমা দিয়েছে। খোয়াই পঞ্চায়েত সমিতির মোট ১৩টি আসনের মধ্যে সিপিআইএম ১১টি আসনে এবং কংগ্রেস ৫টি আসনে মনোনয়নপত্র জমা দেয়। এছাড়া জাম্বুরা গ্রাম পঞ্চায়েতের তিনটি আসনে মনোনয়নপত্র জমা দেয় সিপিআইএম দল।

Prabhat phery:

স্বাধীনতা দিবসে পুর নিগম এলাকার সরকারি স্কুলগুলিকে প্রভাত ফেরী কর্মসূচি গ্রহন করতে নির্দেশ দিয়েছে বিদ্যালয় শিক্ষা দপ্তর। গতকাল বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধিকর্তা নৃপেন্দ্র চন্দ্র শর্মা এক বিজ্ঞপ্তিতে পুর এলাকার ৬৫ টি স্কুলে প্রভাত ফেরী করতে নির্দেশিকা পাঠিয়েছেন। তিনি জানান, ভোর পাঁচটা থেকে শিক্ষক এবং ছাত্ররা নিজেদের স্কুল এলাকায় জাতীয় পতাকা হাতে নিয়ে প্রভাত ফেরীতে অংশ নেবেন।

NEET-UG:

সুপ্রিমকোর্ট গতকাল ন্যাশনাল টেস্টিং এজেন্সি দায়ের করা একটি নতুন ব্যাচের পিটিশনের উপর নোটিশ জারি করেছে, কথিত NEET-UG পেপার ফাঁস সম্পর্কিত রাজস্থান হাইকোর্টের সামনে মূলতবি থাকা আবেদনগুলিকে সুপ্রিমকোর্টে স্থানান্তর করার জন্য। প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়, বিচারপতি জে বি পারদিওয়াল্লা এবং বিচারপতি মনোজ মিশ্রের সমন্বয়ে গঠিত একটি বেঞ্চ এই নোটিশ জারি করেছে।

ICAR:

ভারতীয় কৃষি গবেষণা পর্ষদের দুই দিনব্যাপী প্রতিষ্ঠা ও প্রযুক্তি দিবস উদযাপন গতকাল নতুনদিল্লিতে শুরু হয়েছে। প্রথম দিনে, বিদ্যালয়ের

শিক্ষার্থীদের কৃষি ও সংশ্লিষ্ট প্রযুক্তি সম্পর্কে জ্ঞান অর্জনের জন্য আমন্ত্রণ জানানো হয়। এ উপলক্ষে শিক্ষার্থীদের কৃষি উদ্ভাবন ও প্রযুক্তির ওপর ভিত্তি করে আয়োজিত একটি প্রদর্শনীও দেখানো হয়।

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী, শিবরাজ সিং চৌহান আজ কৃষি ও কৃষক কল্যাণ প্রতিমন্ত্রী ভগীরথ চৌধুরী এবং রাম নাথ ঠাকুরের উপস্থিতিতে প্রতিষ্ঠা দিবসের অনুষ্ঠানের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন।

Ayush :

অল-ইন্ডিয়া ইনস্টিটিউট অফ আয়ুর্বেদ সুশ্রুত জয়ন্তী-২০২৪ উপলক্ষ্যে গত শনিবার থেকে নতুন দিল্লিতে তিনদিনের আলোচনা চক্রের আয়োজন করে। আয়ুষ মন্ত্রক জানিয়েছে অস্ত্রোপচারের জনক কিংবদন্তি সুশ্রুতকে সম্মান জানাতে প্রতি বছর ১৫ই জুলাই সুশ্রুত জয়ন্তী পালিত হয়।

প্রতিষ্ঠানের পরিচালক অধ্যাপক ডঃ তনুজা নেসারি বলেছেন, এই প্রতিষ্ঠান বিশ্বব্যাপী আয়ুর্বেদকে উন্নত করতে প্রতিশ্রুতিবদ্ধ। উল্লেখ্য, আয়ুষ মন্ত্রক বলেছে গত এক বছরে, প্রায় ১৫০০ রোগী এই আয়ুর্বেদিক অস্ত্রোপচার পদ্ধতির মাধ্যমে উপকৃত হয়েছেন।

Traffic Unit-Sepahijala :

সড়ক দুর্ঘটনা এড়াতে সাবরুম-আগরতলা জাতীয় সড়কে ঘন্টায় ৬০ কিলোমিটারের কম গতিতে ও বিশালগড় বাইপাস সড়কে ৪০ কিলোমিটারের কম গতিতে যানবাহন চালানোর জন্য সিপাহীজলা ট্রাফিক ইউনিটের DSP ডেভিড দেববর্মা যানবাহন চালকদের প্রতি আবেদন রেখেছেন। আকাশবাণীর সিপাহীজলা জেলার প্রতিনিধি অভিজিৎ বর্ধনকে তিনি জানান উল্লেখিত সড়ক দু'টিতে বেশিরভাগ দুর্ঘটনা ঘটেছে অত্যাধিক গতির কারণে। তাই জেলা ট্রাফিক দপ্তর এই বিষয়ে সচেতনতা বৃদ্ধির পাশাপাশি বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করে চলছে। স্পিড রেডার মেশিন নিয়ে

প্রতিদিনই চলছে অভিযান। নির্ধারিত গতির বেশি গতিতে কেউ যানবাহন চাললে জরিমানা করা হচ্ছে। সে সময় অভিযানকারী দলের সিগন্যাল অমান্য করে কোন দ্রুতগামী যানবাহন পালিয়ে গেলে পরিবহন আইনে নেওয়া হচ্ছে মামলা। অন-লাইনে সেই বার্তা পৌঁছে যাচ্ছে যান মালিকের কাছে। তিনি বাইক চালক ও আরোহীদের প্রতি হেলমেট ব্যবহার ও সবাইকে ট্রাফিক আইন বিধি মেনে চলার আবেদন রাখেন।

Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয় আকাশ সাধারণত মেঘলা থাকবে। দু'এক পশলা হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ সকালে আগরতলায় সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৪ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রির কাছাকাছি।

Orshia Padak :

শ্রীলঙ্কায় অনুষ্ঠিত ওয়েস্টার্ন এশিয়ান দাবা প্রতিযোগিতায় দলগত লড়াইয়ে রাজ্যের আন্তর্জাতিক দাবাড়ু অর্শিয়া দাস স্বর্ণ পদক দখল করেছে। আন্তর্জাতিক এই আসরে অর্শিয়া দেশের হয়ে দলগত লড়াই করে। এর আগে ব্লিটস দাবায় অর্শিয়া ব্যক্তিগত বিভাগে রৌপ্য পদক পায়।
